

# বিএএফ শাহীন কলেজ ঢাকা

তেজগাঁও, ঢাকা-১২০৬

web : [www.bafsd.edu.bd](http://www.bafsd.edu.bd)

## ২০১৪ শিক্ষাবর্ষে শিশু (KG) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলি

- ১। ২০১৪ শিক্ষাবর্ষে বিএএফ শাহীন কলেজ ঢাকায় শিশু (KG) শ্রেণিতে (বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষন) ছাত্র-ছাত্রী ভর্তির উদ্দেশ্যে বাংলাদেশ বিমান বাহিনীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং বিএএফ শাহীন কলেজ ঢাকা'র শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্তানদের জন্য নীল ফরম এবং অন্যান্যদের জন্য সাদা ফরম প্রদান করা হবে। ১৭ নভেম্বর ২০১৩ রবিবার থেকে ২৪ নভেম্বর ২০১৩ রবিবার পর্যন্ত ০৯০০-১৩০০ ঘটিকার মধ্যে ২০০/- (দুইশত) টাকা মাত্র (সরকার কর্তৃক প্রণীত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০১২ মোতাবেক) কলেজ সংলগ্ন শাহীন হলের কাউন্টারে জমা দিয়ে ভর্তির আবেদন ফরম ও প্রসপেকটাস সংগ্রহ করতে হবে।
- ২। একই প্রার্থী ইংরেজি ভাষন ও বাংলা মাধ্যমে আবেদন করতে ইচ্ছুক হলে পৃথক পৃথক ফরম সংগ্রহ করতে হবে এবং তা পূরণ করে জমা দিতে হবে।
- ৩। একই ভাষনে প্রত্যেক প্রার্থীর জন্য একটি ফর্ম প্রযোজ্য। একাধিক ফর্ম জমা দিলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য করা হবে।
- ৪। ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে প্রার্থীর বয়স ৫ হতে ৬ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স ৬ বৎসরের উর্ধ্ব হলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। (৫ হতে ৬ বৎসর অর্থাৎ ৪ বছর ১দিন হতে ৫ বছর ৩৬৫ দিন, ৬ বৎসর ১দিন নয়)
- ৫। যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম ১৯ নভেম্বর ২০১৩ মঙ্গলবার হতে ২৬ নভেম্বর ২০১৩ মঙ্গলবার পর্যন্ত ০৯০০ ঘটিকা থেকে ১৩০০ ঘটিকার মধ্যে জমা নেয়া হবে এবং লটারীর তারিখ ও সময় সম্বলিত সীল দিয়ে প্রবেশপত্র ফেরত দেয়া হবে। (বিমান বাহিনীতে কর্মরত সদস্যের সন্তানদের ক্ষেত্রে আবেদন ফরমে জন্ম তারিখ ও বর্তমান বাসার ঠিকানাসহ নিজ নিজ ইউনিট অধিনায়কের সীল ও স্বাক্ষরসহ প্রত্যয়ন থাকতে হবে অথবা ফরমের সাথে প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে)।
- ৬। আবেদন ফরম ও প্রবেশপত্র পূরণের নিয়মাবলিঃ
  - ক। আবেদন ফরম এবং প্রবেশপত্র বাংলা মাধ্যমের জন্য বাংলায় এবং ইংরেজি ভাষনের জন্য ইংরেজিতে পূরণ করতে হবে।
  - খ। আবেদন ফরম এবং প্রবেশপত্রের প্রতিটিতে ফটো চিহ্নিত স্থানে প্রার্থীর এক কপি করে সদ্য তোলা ডিভি সাইজের রঙ্গিন ফটো স্ট্যাপলার পিন দ্বারা সংযোজন করতে হবে। ফটোর পেছনে প্রার্থীর নাম, পিতার নাম ও ফর্ম নম্বর উল্লেখ থাকতে হবে।
  - গ। প্রার্থীর নাম এবং জন্ম তারিখ জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী স্পষ্টাক্ষরে সঠিকভাবে লিখতে হবে। ফর্মের সাথে জন্ম সনদ এবং জন্ম নিবন্ধনের সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
  - ঘ। আবেদন ফরমের ক্রমিক নম্বরই পরীক্ষার রোল নম্বর হিসেবে বিবেচিত হবে।
  - ঙ। পিতা বা অভিভাবকের পেশা চাকুরী হলে পদবী ও দপ্তরসহ নাম লিখতে হবে। ব্যবসায়ীর ক্ষেত্রে পদবী ও ব্যবসা প্রতিষ্ঠানের নাম লিখতে হবে। শুধু ব্যবসা বা চাকুরী লিখলে হবে না।
  - চ। আবেদন ফরমে কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ৭। লটারীর তারিখঃ প্রবেশপত্রে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী।
- ৮। লটারীর দিন প্রতি প্রার্থীর একজন অভিভাবক উপস্থিত থাকবেন (প্রার্থীর উপস্থিতির প্রয়োজন নাই)।
- ৯। ফলাফল প্রকাশঃ লটারীর ফলাফলের তালিকা ১৯ ডিসেম্বর ২০১৩ বৃহস্পতিবার কলেজ নোটিশ বোর্ডে এবং Website প্রদান করা হবে (গেইটের নোটিশ বোর্ডে)।

**বিঃদ্রঃ** কর্তৃপক্ষ প্রয়োজনবোধে লটারীর তারিখ ও সময় এবং ফলাফল প্রকাশের তারিখ পরিবর্তন করতে পারবেন। অত্র বিজ্ঞপ্তি ও নিয়মাবলিতে কোন পরিবর্তন করা হলে তা পূর্বের দিন কলেজ নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে দেয়া হবে যা সংশ্লিষ্ট সকলকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

তারিখঃ ০৫-১১-২০১৩

অধ্যক্ষ

বি এ এফ শাহীন কলেজ ঢাকা